রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, অক্টোবর ২, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**বিআরটিএ সংস্থাপন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/২৭ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৫.০০.০০০০.০২০.২২.০০১.১৫-৫২৫**—সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.২২.০০১.১৫-৪৯৫, তারিখ : ২০-০৮-২০১৮ এর মাধ্যমে বিআরটিএ'র কর্মকর্তা কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধি, অভিজ্ঞতা অর্জন এবং কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও মানসম্মত জনসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নরূপ বদলি ও পদায়ন গাইডলাইন জারি করছে :

<u>বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারীদের বদলি ও পদায়ন গাইডলাইন</u>

০১. পদায়ন ও বদলির ক্ষেত্রে রাজস্ব আদায়, কর্মপরিসর, অবকাঠামোগত অবস্থা, শিক্ষা ও চিকিৎসা সংক্রান্ত সুবিধাদি বিবেচনায় বিআরটিএ'র অফিস/সার্কেলসমূহকে **'ক, খ, গ ও ঘ'** ৪ (চার)টি ক্যাটাগরিতে বিন্যস্ত করা হলো (পরিশিষ্ট-ক);

০২. সাধারণত একজন কর্মকর্তা/কর্মচারী কোনো সার্কেল বা অফিসে চাকরিকাল বা মেয়াদ হবে একাধারে ০৩ (তিন) বছর। তবে পার্বত্য অঞ্চলের কোনো সার্কেলে চাকরিকাল হবে ০২ (দুই) বছর;

০৩. বদলি/পদায়নের ক্ষেত্রে **ক ➡ ঘ ➡ গ ➡ খ** **ঘ ➡ ক ➡ খ ➡ গ** এরূপ চক্র অনুসরণ করতে হবে;

০৪. অনুচ্ছেদ ২ ও ৩ এ যাই থাকুক না কেন যৌক্তিক প্রয়োজনে বিআরটিএ'র সুপারিশের প্রেক্ষিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের পূর্বানুমতি গ্রহণ করে কোনো কর্মকর্তা/কর্মচারীকে ৩ অনুচ্ছেদে বর্ণিত ক্যাটাগরি চক্রের বাইরে পদায়ন করা যাবে;

০৫. ১০ম গ্রেড পর্যন্ত কর্মকর্তার নিজ জেলা, স্বামী/স্ত্রী'র জেলা ব্যতীত অন্য জেলায় পদায়ন করা যাবে;

০৬. কর্মকর্তা/কর্মচারীগণকে ন্যূনতম ২ (দুই) বছর সদর কার্যালয়ে/বিভাগীয় কার্যালয়ে চাকরি করতে হবে। এ ক্ষেত্রে ৩ অনুচ্ছেদের কোনো কিছুরই ব্যত্যয় ঘটবে না;

০৭. কোনো কর্মকর্তা/কর্মচারী স্বামী/স্ত্রী উভয়ই চাকরিজীবী হলে একই কর্মস্থলে বা যথাসম্ভব নিকটবর্তী কর্মস্থলে পদায়নের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে;

০৮. জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রেষণে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের ক্ষেত্রে ২ ও ৩ অনুচ্ছেদ প্রযোজ্য হবে না;

০৯. গ্রেড-১৭ হতে ২০তম গ্রেড এ কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে এ গাইডলাইনের ২ ও ৩ অনুচ্ছেদের বিধান শিথিলযোগ্য;

১০. এ গাইডলাইন এর সাথে সরকারের বদলি সংক্রান্ত সাধারণ গাইডলাইন এর কোনো অনুচ্ছেদ সাংঘর্ষিক হলে সরকারের বদলি সংক্রান্ত সাধারণ গাইডলাইন প্রাধান্য পাবে;

১১. বদলি/পদায়নের ক্ষেত্রে সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

১২. ০৩ (তিন) বছর পর পর পরিশিষ্ট-ক বর্ণিত অফিস/সার্কেলের ক্যাটাগরি বাস্তব পরিস্থিতি পর্যালোচনান্তে প্রয়োজনে সংশোধন করা যাবে। ০৩ (তিন) বছরের আগে অফিস/সার্কেলের ক্যাটাগরি সংশোধন করার ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে;

১৩. কাজের পরিধি বিবেচনায় ও বিশেষ প্রয়োজনে আবশ্যক বিবেচিত হলে কোনো কর্মস্থলে সংযুক্তি প্রদান করা যাবে। তবে এ ধরনের সংযুক্তির আদেশ একাধারে ২(দুই) বছরের অধিক হবে না এবং মূল পদায়নকৃত কর্মস্থলে কর্মকাল অন্যূন ২(দুই) বছর হতে হবে। তবে একই কর্মকর্তা/কর্মচারীকে কর্মজীবনে এক বারের অধিক সংযুক্তি দেয়া যাবে না;

১৪. প্রশাসনিক কারণে বদলি ও পদায়নের ক্ষেত্রে ২ অনুচ্ছেদে বর্ণিত সময়সীমা শিথিলযোগ্য হবে। তবে এ ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে;

১৫. এ গাইডলাইন শুধুমাত্র বদলিযোগ্য পদের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

১৬. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুমোদন ব্যতীত এ গাইডলাইন এর কোনো অনুচ্ছেদ পরিবর্তন/পরিবর্ধন বা সংশোধন করা যাবে না;

১৭. এ গাইডলাইন এর কোনো অনুচ্ছেদের কোনো ব্যাখ্যার প্রয়োজন হলে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রদত্ত ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ লিয়াকত আলী**
সহকারী সচিব।

পরিশিষ্ট-ক

## অফিস/সার্কেল গ্রেডিং

### ক্যাটাগরি-ক

| ক্রমিক | সার্কেলের নাম | ক্রমিক | সার্কেলের নাম |
|---|---|---|---|
| ০১. | ঢাকা মেট্রো সার্কেল-১ | ১০. | যশোর-নড়াইল জেলা সার্কেল |
| ০২. | ঢাকা মেট্রো সার্কেল-২ | ১১. | বগুড়া জেলা সার্কেল |
| ০৩. | ঢাকা মেট্রো সার্কেল-৩ | ১২. | কুমিল্লা জেলা সার্কেল |
| ০৪. | চট্টগ্রাম মেট্রো সার্কেল-১ | ১৩. | গাজীপুর জেলা সার্কেল |
| ০৫. | চট্টগ্রাম মেট্রো সার্কেল-২ | ১৪. | ঢাকা বিভাগীয় অফিস |
| ০৬. | ঢাকা জেলা সার্কেল | ১৫. | চট্টগ্রাম বিভাগীয় অফিস |
| ০৭. | চট্টগ্রাম জেলা সার্কেল | | |
| ০৮. | সিলেট জেলা সার্কেল | | |
| ০৯. | মৌলভীবাজার জেলা সার্কেল | | |

| ক্যাটাগরি-খ | | ক্যাটাগরি-গ | | ক্যাটাগরি-ঘ | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক | সার্কেলের নাম | ক্রমিক | সার্কেলের নাম | ক্রমিক | সার্কেলের নাম |
| ০১. | নারায়ণগঞ্জ জেলা সার্কেল | ০১. | মানিকগঞ্জ জেলা সার্কেল | ০১. | নেত্রকোণা জেলা সার্কেল |
| ০২. | খুলনা জেলা সার্কেল | ০২. | রাজবাড়ী জেলা সার্কেল | ০২. | মুন্সীগঞ্জ জেলা সার্কেল |
| ০৩. | টাঙ্গাইল জেলা সার্কেল | ০৩. | গোপালগঞ্জ জেলা সার্কেল | ০৩. | শেরপুর জেলা সার্কেল |
| ০৪. | রংপুর জেলা সার্কেল | ০৪. | কিশোরগঞ্জ জেলা সার্কেল | ০৪. | খাগড়াছড়ি জেলা সার্কেল |
| ০৫. | পাবনা জেলা সার্কেল | ০৫. | নরসিংদী জেলা সার্কেল | ০৫. | বান্দরবান জেলা সার্কেল |
| ০৬. | ফরিদপুর জেলা সার্কেল | ০৬. | জামালপুর জেলা সার্কেল | ০৬. | লক্ষ্মীপুর জেলা সার্কেল |
| ০৭. | ময়মনসিংহ জেলা সার্কেল | ০৭. | মাদারীপুর+শরীয়তপুর জেলা সার্কেল | ০৭. | চাঁদপুর জেলা সার্কেল |
| ০৮. | নোয়াখালী জেলা সার্কেল | ০৮. | কক্সবাজার জেলা সার্কেল | ০৮. | জয়পুরহাট জেলা সার্কেল |
| ০৯. | ফেনী জেলা সার্কেল | ০৯. | রাঙ্গামাটি জেলা সার্কেল | ০৯. | ঠাকুরগাঁও+পঞ্চগড় জেলা সার্কেল |
| ১০. | দিনাজপুর জেলা সার্কেল | ১০. | ব্রাহ্মণবাড়ীয়া জেলা সার্কেল | ১০. | নীলফামারী জেলা সার্কেল |
| ১১. | রাজশাহী জেলা সার্কেল | ১১. | রাজশাহী বিভাগীয় অফিস | ১১. | বাগেরহাট জেলা সার্কেল |
| ১২. | নওগাঁ জেলা সার্কেল | ১২. | চাঁপাইনবাবগঞ্জ জেলা সার্কেল | ১২. | সুনামগঞ্জ জেলা সার্কেল |
| ১৩. | কুষ্টিয়া জেলা সার্কেল | ১৩. | নাটোর জেলা সার্কেল | ১৩. | পিরোজপুর+ঝালকাঠি জেলা সার্কেল |

| ক্রমিক | সার্কেলের নাম | ক্রমিক | সার্কেলের নাম | ক্রমিক | সার্কেলের নাম |
|---|---|---|---|---|---|
| ১৪. | ঝিনাইদহ জেলা সার্কেল | ১৪. | সিরাজগঞ্জ জেলা সার্কেল | ১৪. | ভোলা জেলা সার্কেল |
| ১৫. | খুলনা বিভাগীয় অফিস | ১৫. | গাইবান্ধা জেলা সার্কেল | ১৫. | পটুয়াখালী+বরগুনা জেলা সার্কেল |
| ১৬. | সিলেট বিভাগীয় অফিস | ১৬. | সাতক্ষীরা জেলা সার্কেল | ১৬. | কুড়িগ্রাম+লালমনিরহাট জেলা সার্কেল |
| | | ১৭. | চুয়াডাঙ্গা+মেহেরপুর জেলা সার্কেল | ১৭. | মাগুরা জেলা সার্কেল |
| | | ১৮. | বরিশাল জেলা সার্কেল | ১৮. | ময়মনসিংহ বিভাগীয় অফিস |
| | | ১৯. | হবিগঞ্জ জেলা সার্কেল | ১৯. | বরিশাল বিভাগীয় অফিস |
| | | ২০. | রাজশাহী বিভাগীয় অফিস | | |
| | | ২১. | রংপুর বিভাগীয় অফিস | | |

**নতুন প্রস্তাবিত ৭টি সার্কেলের গ্রেডিং**

| ক্রমিক | সার্কেলের নাম | ক্যাটাগরি |
|---|---|---|
| (১) | নড়াইল জেলা সার্কেল | ঘ |
| (২) | লালমনিরহাট জেলা সার্কেল | |
| (৩) | ঝালকাঠি জেলা সার্কেল | |
| (৪) | বরগুনা জেলা সার্কেল | |
| (৫) | পঞ্চগড় জেলা সার্কেল | |
| (৬) | মেহেরপুর জেলা সার্কেল | |
| (৭) | শরীয়তপুর জেলা সার্কেল | |

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd